বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিররণীঃ

| | |
|---|---|
| সভাপতি | প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর<br>সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি |
| সভার তারিখ | ২৭/১২/২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ৩:০০ টা |
| স্থান | সভা কক্ষ (৬ষ্ঠ তলা), ইউজিসি ভবন, ঢাকা। |
| উপস্থিতি | সংযুক্তি-১ |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট এবং সিনিয়র সহকারী পরিচালক জনাব রবিউল ইসলামকে আহ্বান জানান। সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী অগ্রগতি/করণীয় বিষয়ে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদ্যসের সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী ০১।** কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী অবহিতকরণ এবং অনুমোদন।

**সিদ্ধান্তঃ** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ১২/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে নিশ্চিত ও অনুমোদন করা হয় ।

**আলোচ্যসূচী ০২।** ইনোভেশন টিমের ১ম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনা:**

---

ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের সম্ভাব্য ক্যালেন্ডার (পতাকা 'খ') অনুযায়ী কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, উদ্ভাবন, সেবা সহজীকরণ ও ডিজিটালাইজড করার জন্য নতুন আইডিয়া ইনোভেশন টিমের নিকট প্রেরণের লক্ষ্যে কমিশনের প্রত্যেক বিভাগকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**অগ্রগতিঃ** ক্যালেন্ডার অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বর্ণিত নতুন আইডিয়া ইনোভেশন টিমের নিকট প্রেরণের লক্ষ্যে কমিশনের প্রত্যেক বিভাগকে পত্র দেওয়া হয়েছে।

খ) কমিশনের যে বিভাগসমূহ ৮০% এর অধিক সংখ্যাক ই-নথি নিষ্পত্তি করিতে সমর্থ হইবে সেসব বিভাগের মধ্য থেকে এক বা একাধিক বিভাগকে সফলতার স্বীকৃতি ও পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** বর্ণিত বিষয়ে কমিশনের প্রতিটি বিভাগকে অবহিত করণের লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে ।



Scanned with CamScanner

গ) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা দেশের ৫টি অঞ্চলে (খুলনা, ময়মনসিংহ/সিলেট, চট্টগ্রাম, রাজশাহী ও ঢাকা) আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি অঞ্চলে ০১টি বিশ্ববিদ্যালয়ের ৩জন করে প্রতিনিধি (উপাচার্য/উপযুক্ত প্রতিনিধি, ইনোভেশন টিমের আহ্বায়ক/ইনোভেশন অফিসার ও ফোকাল-পয়েন্ট কর্মকর্তা) এবং কমিশনের ৩(তিন) জনসহ সর্বোচ্চ মোট ৩০(ত্রিশ) জন অংশগ্রহণকারীর সমন্বয়ে কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, ১ম কর্মশালাটি খুলনা বিশ্ববিদ্যালয়ে আগামী ২৩ অক্টোবর ২০২১ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গহীত হয়।

**অগ্রগতিঃ** ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১ম কর্মশালাটি খুলনা অঞ্চলের ৯টি বিশ্ববিদ্যালয় এবং ইউজিসি'র প্রতিনিধিদের সমন্বয়ে ৩০ অক্টোবর ২০২১ তারিখে খুলনা বিশ্ববিদ্যালয়ে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।

ঘ) কমিশনের তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি প্রকাশ করে আগামী ২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কমিশনের ইনোভেশন টিম এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিশনের আইএমসিটি বিভাগের সংশ্লিষ্ট শাখা থেকে প্রতিবেদনের ফরম্যাট প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** কমিশনের তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি প্রকাশ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরন করা হয়েছে।

ঙ) ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৬(ছয়) টি প্রশিক্ষণ ইউজিসি ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১ম প্রশিক্ষণটি আগামী ২৮-২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ কমিশন ভবনে কমিশনের প্রতিটি বিভাগ থেকে ২(দুই) জন করে ২০জন কর্মকর্তা ও ইনোভেশন টিমের ৬জন সদস্যসহ মোট ২৬জন কর্মকর্তাদের নিয়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম প্রশিক্ষণটি কমিশনের প্রতিটি বিভাগ থেকে ২(দুই) জন করে ২০জন কর্মকর্তা ও ইনোভেশন টিমের ৬জন সদস্যসহ মোট ২৬জন কর্মকর্তাদের নিয়ে ৬ ও ৭ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

চ) এপিএ চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ মোতাবেক ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নূন্যতম একটি বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন/বিদেশে অভিজ্ঞতা অর্জনের জন্য শিক্ষা ও অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি, কমিশনের ইনোভেশন টিমের সদস্য ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে সর্বোচ্চ ২৫ (পচিঁশ) সদস্যের একটি প্রতিনিধি দল সিঙ্গাপুর/থাইল্যান্ড ২০২২ সালের মার্চ মাসে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** বর্ণিত বিষয়ে প্রস্তাব ও বাজেট প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

---

**সিদ্ধান্তঃ** অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। প্রথম সভার **'চ'** সিদ্ধান্তে অনুযায়ী এপিএ চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ মোতাবেক ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নূন্যতম একটি বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন/বিদেশে অভিজ্ঞতা অর্জনের জন্য শিক্ষা ও অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি, কমিশনের ইনোভেশন টিমের সদস্য ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে সর্বোচ্চ ২৫ (পচিঁশ) সদস্যের একটি প্রতিনিধি দল সিঙ্গাপুর/থাইল্যান্ড এর পরিবর্তে রাশিয়া এর বিভিন্ন বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ ২০২২ সালের মার্চ মাসে পরিদর্শন/অভিজ্ঞতা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। এলক্ষ্য বাস্তবায়নে কমিশনের আইসিসি শাখার অতিরিক্ত পরিচালক



Scanned with CamScanner

(অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূইয়া এবং সহকারী পরিচালক জনাব মো: মামুন প্রয়োজনীয় কার্যসম্পাদন করবেন।

**আলোচ্যসূচী ০৩।** কমিশনের সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন বিষয়ে আলোচনা।

**সিদ্ধান্তঃ ক)** ২০২১-২০২২ অর্থবছরে নিম্নোক্ত কমিশনের ৩(তিন)টি সেবাকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| ক্রমিক | ধারণাসমূহ |
|---|---|
| ১) | পাবলিক বিশ্ববিদ্যালয়ের জনবল অনুমোদন |
| ২) | পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিভাগ অনুমোদন |
| ৩) | ইউজিসি প্রফেসরশিপ নির্বাচন |

**খ)** ২০২১-২০২২ অর্থবছরে কমিশনের নিম্নোক্ত ০৪(চার)টি সেবা myGov প্লাটফর্মে **ডিজিটাইজ** করা হয়েছে:

| ক্রমিক | সেবা ডিজিটাইজেশনের ধারণাসমূহ |
|---|---|
| ১) | হেমিস (হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) |
| ২) | প্রধানমন্ত্রী স্বর্ণপদক |
| ৩) | ইউজিসি স্বর্ণপদক |
| ৪) | প্রাইভেট ইউনিভার্সিটি একাডেমিক প্রোগ্রাম অনুমোদনের জন্য অনলাইনে আবেদন |

**গ)** এছাড়া, ২০২১-২০২২ অর্থবছরে কমিশনের নিম্নোক্ত ০১(এক)টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | উদ্ভাবনী ধারণাসমূহ |
|---|---|
| ১) | ই-অডিট মাসিক রিপোর্ট |

আলোচ্যসূচী ০৪। '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক ২য় কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা।

**সিদ্ধান্তঃ**
জানুয়ারি' ২০২২ মাসের শেষ সপ্তাহে উত্তর-পশ্চিমাঞ্চলে নিম্নেবর্ণিত ১১টি বিশ্ববিদ্যালয়ের ০৩ জন করে প্রতিনিধি (উপাচার্য/উপর্যুক্ত প্রতিনিধি, ইনোভেশন টিম প্রধান ও ইনোভেশন ফোকাল পয়েন্ট) ও আয়োজক বিশ্ববিদ্যালয়ের অনুষদের ডিন, রেজিস্ট্রারসহ সংশ্লিষ্ট পরিচালকগণ এবং কমিশনের ইনোভেশনের টিমের ০৩ জন সদস্যের সমন্বয়ের ৫৫ জন প্রতিনিধি নিয়ে '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক ৩য় কর্মশালাটি ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|
| ১) | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় |
| ২) | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তিবিশ্ববিদ্যালয় |
| ৩) | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় |
| ৪) | ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,গাজীপুর |
| ৫) | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় |
| ৬) | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় |
| ৭) | শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় |
| ৮) | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় |
| ৯) | সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় |
| ১০) | হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় |
| ১১) | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ |

আলোচ্যসূচী ০৫। কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ২য় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা।

**সিদ্ধান্তঃ** আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ কমিশন ভবনের সভাকক্ষে (৬ষ্ঠ তলা) কমিশনের প্রতিটি বিভাগ থেকে ২(দুই) জন করে



Scanned with CamScanner

প্রতিনিধি নিয়ে ১০X২=২০ জন এবং ইনোভেশন টিমের ৫ জনসহ মোট ২৫ (পচিঁশ) জন কর্মকর্তাকে নিয়ে ২য় প্রশিক্ষণ কর্মশালাটি কমিশন ভবনে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী ০৫।** বিবিধ।

অত:পর বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: সংযুক্তি-১।

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২১.১৩৩

তারিখ: ১৯ পৌষ ১৪২৮
০৩ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সে আপলোডের অনুরোধ করা হলো)
৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সহকারী পরিচালক, ICC শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৬) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৮) নথি, ইউজিসি
৯) মহানথি, ইউজিসি

রবিউল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)



Scanned with CamScanner